মেহেরপুরে জামায়াত ইসলামী,র শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জামায়াত ইসলামী মেহেরপুর ৬-নং ওয়ার্ড যুব বিভাগের উদ্যোগে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে আজ শনিবার রাতে মেহেরপুর শহরের টি এন্ড টি এলাকায় শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

এ সময় জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান বলেন, স্বৈরাচারী শেখ হাসিনার আমলে প্রোগ্রাম তো দূরের কথা সাধারণ মানুষের সামনে দাঁড়াতে পারিনি হক কথা বলতে পারিনি অনেক নির্যাতনের শিকার হয়েছি গত ১৭ বছর পর আমাদের এই শীতবস্ত্র বিতরণ তবে আমরা লোক দেখানো কাজ করি না আমাদের প্ল্যান ছিল রাতে আধারে মানুষের বাসায় বাসায় পৌঁছে দেওয়া কিন্তু আজ মিডিয়ার সামনে কিছু মানুষকে বুঝিয়ে দিতে চাই আমরা একেবারে শেষ হয়ে যায়নি আমরা অসহায় গরীব দুঃখী মানুষের পাশে আছি থাকবো ইনশাআল্লাহ

মেহেরপুর জেলা জামায়েত ইসলামীর আমির মাওলানা তাজ উদ্দিন খান উপস্থিত থেকে শীতার্থদের মাঝে শীত বস্ত্র বিতরণ করেন। বাংলাদেশ জমায়েত ইসলামী মেহেরপুর ৬-নম্বর ওয়ার্ড যুব বিভাগের সভাপতি সৈয়দ নজরুল হাসান টুটুলের সভাপতিত্বে শীতবস্ত্র

বিতরণ অনুষ্ঠানের মধ্যে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, পৌর জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা ডলার, সমাজসেবক সাইফুল ইসলাম, ৬ নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর আমির জাহাঙ্গীর আলম।

কুষ্টিয়ায় জেলা জামায়াতের

[redacted] [redacted] [redacted]. [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted]. [redacted] [redacted] [redacted], [redacted] [redacted] [redacted]

গড়া হবে। দেশে দখলবাজি ও চাঁদাবাজি চলবে না। দখলবাজ, চাঁদাবাজমুক্ত দেশ গড়তে নেতা-কর্মীদের ত্যাগ স্বীকার করতে হবে। দখলদারমুক্ত বাংলাদেশ গড়তে সিন্ডিকেট ভেঙে দিতে হবে। আমাদের দল দখলবাজি-চাঁদাবাজি করে না।

জেলা জামায়াতের আমির অধ্যাপক মাওলানা আবুল হাশেমের সভাপতিত্বে এবং জেলা সেক্রেটারি অধ্যাপক সুজাউদ্দিন জোয়ার্দারের সঞ্চালনায় এ সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য যশোর অঞ্চল পরিচালক মো. মোবারক হোসেন, কেন্দ্রীয় নির্বাহী পরিষদের সদস্য রাজশাহী অঞ্চল পরিচালক অধ্যক্ষ মো. শাহাবুদ্দিন, আল্লামা সাঈদী ফাউন্ডেশনের চেয়ারম্যান আল্লামা শামীম সাঈদী, জামায়াতের মজলিশে শূরা সদস্য অধ্যাপক ফরহাদ হোসেন প্রমুখ।

শীতের কুয়াশাভেদ করে সকাল থেকেই জেলার বিভিন্ন উপজেলা থেকে নেতা–কর্মীরা ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড নিয়ে কর্মী সম্মেলনে যোগ দেন।

গাংনীতে জামায়াতের শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর গাংনী পৌর শাখার ৮ নং ওয়ার্ডের এক কর্মী শিক্ষা শিবির (টিএস) অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার (২৭ ডিসেম্বর) সকালে গাংনী উপজেলা জামায়াতের কার্যালয়ে শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌরসভার ৮ নম্বর জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত টি এস এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা জামায়াতের আমির ডাঃ রবিউল ইসলাম, মেহেরপুর সদর জামায়াতের আমির মাওলানা সোহেল

রানা, জেলা কর্মপরিষদ ও সূরা সদস্য নাজমুল হুদা।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন পৌর জামায়াতের বাইতুলমাল ও রাজনৈতিক সেক্রেটারি মাওলানা জিল্লুর রহমান, ৮ নম্বর ওয়ার্ড সেক্রেটারি মোঃ মনিরুল ইসলাম, ৭ নম্বর ওয়ার্ড সভাপতি মোঃ তমিজ উদ্দিন প্রমুখ।

নির্বাচনের জন্য যৌক্তিক সময় দিতে চাই জামায়াত’ —মোবারক হোসাইন

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর-কুষ্টিয়া আঞ্চল পরিচালক মোবারক হোসাইন বলেছেন, ‘অন্তর্বতীকালীন সরকারকে নির্বাচনের জন্য যৌক্তিক সময় দিতে চাই জামায়াত।

আজ রোববার (২২ ডিসেম্বর) বিকালে গাংনী হাইস্কুল ফুটবল মাঠে উপজেলা জামায়াতে ইসলামী আয়োজিত বিশাল কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

গাংনী হাইস্কুল ফুটবল মাঠে উপজেলা জামায়াতে ইসলামীর নেতাকর্মীরা

প্রধান অতিথির বক্তব্যে মোবারক হোসাইন আরও বলেন, বর্তমান সরকারকে টিকে রাখার জন্য দলমত নির্বিশেষে এই সরকারকে বসানো হয়েছিলো। এই সরকারকে ফেলে দেয়ার জন্য বহির্বিশ্বে গভীর ষড়যন্ত্র রয়েছে। এই ষড়যন্ত্র মোকাবেলা করতে আমাদেরকেই সজাগ থাকতে হবে।

প্রধান অতিথির বক্তব্যে তিনি আরও বলেন, বাংলাদেশকে বেকায়দায় ফেলার জন্য পতিত স্বৈরাচারী আওয়ামী লীগ ও তাদের দোসরেরা বিভিন্ন সময় ভিন্ন ভিন্ন রূপধারণ করে আন্দোলনে আসতে চাচ্ছে। কোন সময় আনসারলীগ, রিক্সালীগ, গার্মেন্টস শ্রমিকলীগ, ইস্কনলীগ সেঁজে মাঠে নামছে তারা।

অন্তবর্তীকালীন সরকারকে উদ্যেশ্য করে তিনি আরও বলেন, আমরা বলবো আপনার গোয়েন্দা সংস্থার লোক লাগিয়ে খোঁজ-খবর রাখেন এরা যেন আর মাথা চাড়া দিতে না পারে।

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, আগামী নির্বাচন হবে ফ্রী-ফেয়ার অংশগ্রহণমুলক সকলের গ্রহণযোগ্য নির্বাচন। যে নির্বাচনে দেশের সকল রাজনৈতিক দল অংশগ্রহণ করতে পারবে এবং প্রত্যেকটা ভোটার নির্ভয়ে ভোট দিতে পারবেন। এই নির্বাচনের আয়োজন করতে পারবেন বর্তমানের নবনির্বাচিত নির্বাচন কমিশন। এই আশা আমাদের আছে, যোগ করেন তিনি।

তিনি বলেন, শেখ হাসিনা ভারতে বসে বাংলাদেশের বিষয়ে গভীর ষড়যন্ত্রে লিপ্ত রয়েছেন। এ ব্যাপারে বাংলাদেশের মানুষকে বাড়তি সতর্কতা থাকবেন। কারণ, আগামী নির্বাচনে আওয়ামী লীগ নির্বাচন করতে পারবে কিনা সে ব্যাপারে বাংলাদেশের মানুষ সিদ্ধান্ত নেবেন।

প্রধান অতিথি আরো বলেন, আওয়ামী লীগ বাকশালী, ডামি ও স্বৈরাচারী ফ্যাসিস্ট সরকার এই দেশটাকে একক পরিবারের হাতে জিম্মি করে রেখেছিল। আওয়ামী লীগ সরকার লুটপাট করে দেশটাকে ফাঁকা করে দিয়েছে ব্যাংকে কোন টাকা নাই। দেশের মানুষ অনেক কষ্টে রয়েছে। প্রত্যেকটা জিনিসের দাম ঊর্ধ্বগতি। বাজার করতে গেলে সাধারণ মানুষের হিমশিম খাচ্ছে একটাই কারণ দেশের অর্থনৈতিক পঙ্গু করে ফেলে গেছে স্বৈরাচার পতিত আওয়ামী লীগ সরকার।

তিনি বলেন, স্বৈরাচার সরকার মনে করেছিল জামায়াতকে বাংলার মাটি থেকে নিঃশ্বেষ করে দেবে কিন্তু পারেনি। কারণ দেশের মানুষ জামায়াতের সাথে আছে। জামায়াতের প্রথম সারির নেতাদেরকে অন্যায় ভাবে ফাঁসি দেওয়া হয়েছে যা পৃথিবীতে কোন নজির নাই এই ধরনের বিচার যা মেনে নেয়া যায় না।

সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার মোহাম্মদ রবিউল ইসলাম এবং সঞ্চালনায় ছিলেন গাংনী উপজেলা জামায়াতের সেক্রেটারী মাওলানা জাহাঙ্গীর আলম ও পৌর জামায়াতের সেক্রেটারী ওয়াস কুরুনী জামিল ।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ জামায়াতে ইসলামীর যশোর-কুষ্টিয়া আঞ্চল টিম সদস্য ড: আলমগীর বিশ্বাস, মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দীন খান, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, জেলা জামায়াতের নায়েবে আমীর জারজিস হুসাইন, জেলা জামায়াতের রাজনৈতিক সেক্রেটারী মাওলানা রুহুল আমিন, জেলা জামায়াতের সেক্রেটারী ইকবাল হুসাইন, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলার।

আরও বক্তব্য রাখেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুর রউফ মুকুল, মেহেরপুর জেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য ও গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান নাজমুল হুদা, গাংনী উপজেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল মজিদ, মাওলানা আব্দুর রহমান, বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের গাংনী উপজেলা শাখার

সভাপতি মো: আবু রায়হান।

উদ্বোধনী বক্তব্য রাখেন গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক।

কর্মী সমাবেশে জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি, কর্মপরিষদ সদস্য, উপজেলা আমীর ও সেক্রেটারিরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

কর্মী সম্মেলনে মনোমুগ্ধকর হামদে বারী ও ইসলামী সংগীত পরিবেশনা করেন গাংনী আল আকসা শিল্প গোষ্ঠীর শিল্পীবৃন্দ।

উল্লেখ্য, দীর্ঘ ১৭ বছর পর জামায়াতে ইসলামী গাংনী উপজেলায় এই প্রথম কর্মী সম্মেলন করলো।

এদিকে জামায়াতের কর্মী সম্মেলনকে কেন্দ্র করে গাংনী উপজেলা শহর মিছিলের নগরীতে পরিণত হয়েছিল। বিভিন্ন এলাকা থেকে হাজার হাজার নেতাকর্মী ব্যানার ফেস্টুন নিয়ে মিছিল সহকারের এসে সম্মেলনে যোগদান করেন।

মেহেরপুর পৌর জামায়াতে ইসলামীর ২টি ওয়ার্ডের অফিস উদ্বোধন

মেহেরপুর পৌরসভা জামায়াতে ইসলামীর ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের অফিস উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (৬ ডিসেম্বর) রাত আটটার সময় টিএনটি রোড জামে মসজিদে সামনে মেহেরপুর পৌরসভা জামায়াতে ইসলামীর ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের অফিস উদ্বোধন করা হয়েছে।

অফিস উদ্বোধন সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আমীর মাওলানা মোঃ তাজউদ্দিন খান, বিশেষ অতিথি ছিলেন জেলা সেক্রেটারী ইকবাল হুসাইন, পৌর আমীর সোহেল রানা ডলার, পৌর সেক্রেটারী মনিরুজ্জামান

সৈয়দ মনজুরুল হাসান টুটুলের উপস্থাপনা আরো উপস্থিত ছিলেন পৌর ৫

নং ওয়ার্ডের সভাপতি গোলাম মোস্তফা, পৌর ৬ নম্বর ওয়ার্ডের সভাপতি জাহাঙ্গীর আলমসহ দুই ওয়ার্ডের অন্যান্য সদস্যরাও।

দামুড়হুদায় জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান

দামুড়হুদায় জামায়াতে ইসলামীর উপজেলা শাখার নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৩টার সময় দামুড়হুদা উপজেলা জামায়াতের আয়োজনে আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ রুমে শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় ২০২৫-২০২৬ বছরে কর্ম পরিষদ সদস্য ও সূরা সদস্য সহ নতুন কমিটির সবাইকে সংগঠনের শপথ বাক্য পাঠ করানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ রুহুল আমীন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান বাংলাদেশের প্রশাসনের অবস্থা একেবারে নড়বড়ে। স্বৈরাচারের দোসররা এখনো আছে। সেগুলোকে একটু পরিবর্তন করা গেলেও গোটা প্রশাসনের নিচের লেবেলে যারা আছে তারা এখনো ঠিকমত কাজ করছেনা। এক জেলায় দূর্নীতি করে আবার নতুন জেলায় গিয়ে নতুন আঙ্গিকে দুর্নীতি করছে। আমরা এর অবসান চাই। কারন আমরা দেশকে ভালোবাসি, দেশের মানুষকে ভালোবাসি। আমরা আর এদেশকে বর্গীদের হাতে তুলে দিতে চাইনা। আজকের শপথ অনুষ্ঠানে যারা শপথ গ্রহণ করলেন, যারা নতুন দায়িত্ব গ্রহণ করলেন তারা সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করবেন। দুই বছরের কমিটি এই সময়ের মধ্যে যদি আপনারা সঠিকভাবে দায়িত্ব পালন করতে না পারেন তাহলে তাদেরকে দায়িত্ব থেকে অপসারণ করা হবে।

জামায়াতে ইসলামীর দামুড়হুদা উপজেলা শাখার আমীর নায়েব আলীর সভাপতিত্বে শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাড. মোঃ আসাদুজ্জামান, দামুড়হুদা

উপজেলা জামায়াতে ইসলামীর নবনির্বাচিত কমিটির আমীর মোঃ নায়েব আলী, নায়েবী আমীর মাওলানা আব্দুল গফুর, সেক্রেটারী মোঃ আবেদৌলা, সহকারী সেক্রেটারি মোঃ আবুল বাশার, সহকারী সেক্রেটারি মোঃ রফিকুল ইসলাম জিয়া।

সদর ও গাংনী উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীদের শপথ গ্রহণ

মেহেরপুর সদর উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীর মাওলানা সোহেল রানা ও গাংনী উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমীর ডাক্তার মো: রবিউল ইসলামকে শপথ করানো হয়েছে।

২০২৫-২৬ সেশনের জন্য তাঁদের মেহেরপুর সদর ও গাংনী উপজেলা জামায়াতের আমির নির্বাচিত করা হয়।

আজ শনিবার (২৩ নভেম্বর) বিকালে গাংনী দারুল এয়াতিমখানা হলরুমে আনুষ্ঠানিকভাবে উপজেলা জামায়াতের আমীর হিসেবে নাম ঘোষণা করা হয়। পরে জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান তাঁকে শপথ বাক্য পাঠ করান।

এসময় মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী মোহাম্মদ ইকবাল হোসেন, জেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জারজিস হুসাইন, গাংনী উপজেলা জামায়াতের নায়েবে আমীর নাজমুল হুদা, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক, জেলা জামায়াতের সূ্রা সদস্য মাওলানা আব্দুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এরআগে, দুপুরের দিকে মেহেরপুর ট্রাষ্ট মসজিদে শপথ পাঠ করানো হয় সদর উপজেলা জামায়াতের নবনির্বাচিত আমির মাওলানা সোহেল রানাকে। জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খান তাঁকে শপথ পাঠ করান।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারী মোহাম্মদ ইকবাল হোসেন, জেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জারজিস হুসাইন, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলারসহ জামায়াত নেতৃবৃন্দ উপস্থিত

ছিলেন।

২০২৫-২৬ সেশনে মাওলানা সোহেল রানা সদর উপজেলা জামায়াতের আমীর ও ডাক্তার মো: রবিউল ইসলাম গাংনী উপজেলা জামায়াতের আমীর হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রসঙ্গত, সম্প্রতি জামায়াতের উপজেলা নির্বাচন বিভাগের ৬৫ জন পুরুষ ও ৮০ জন নারী রোকনদের প্রত্যক্ষ ভোটগ্রহণ করে। পরে জেলা আমিরের কাছে ফলাফল হস্তান্তর করে।

কোন রাজনৈতিক দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত– অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার

রাস্ট্র সংস্কারের পর যৌক্তিক সময়ে নির্বাচন হবে। এই যৌক্তিক সময় কতদিন বা কত বছর তা নির্দিষ্ট করে বলা যাবে না। নির্বাচন কমিশন, পুলিশ প্রশাসন ও নির্বাহী বিভাগ সংস্কারের পর সুষ্ঠু নির্বাচনের পরিবেশ তৈরি হলেই নির্বাচন হতে পারে।

আজ শুক্রবার (২২ নভেম্বর) বিকেলে মেহেরপুরের ড:শহীদ সামনুজ্জোহা পার্কে জামায়াতের কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে এ কথাগুলো বলেন জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার।

তিনি আরও বলেন, বিএনপিসহ দেশের সব রাজনৈতিক সংগঠনের সাথে জামায়াতের গভীর সম্পর্ক রয়েছে। ইসলামী আন্দোলনের দলগুলোসহ সব দলের সাথে সংলাপ চলছে। গণতন্ত্রের স্বার্থে যারা ঐক্যবদ্ধ থাকবে তাদের সাথেই জোটবোদ্ধ নির্বাচন করবে জামায়াত।

ছাত্রলীগের নিষিদ্ধের বিষয়ে তিনি বলেন, ৫ আগস্টের চারদিন আগে জামায়াতকে নিষিদ্ধ করা হয়েছিল। কিন্তু তারপর চারদিনও টিকতে পারেনি আওয়ামী লীগ ও ছাত্রলীগ। জনরসে পড়ে দেশ ছেড়ে ভারতে পালাতে বাধ্য হয়েছে শেখ হাসিনা ও তার আত্মীয় স্বজন। তার বিচার

জনগণই করবে। তারা নির্বাচনে আসতে পারবে কিনা সেটি জনগণের উপর নির্ভর করবে। তবে কোন দলকে নিষিদ্ধের পক্ষে নয় জামায়াত। আইনি প্রক্রিয়ায় খুনি শেখ হাসিনাকে বিচারের আওতায় এনে শাস্তি কার্যকর করা হবে বলেও তিনি জানান।

জেলা জামায়াতের আমির মাওলানা তাজউদ্দিন খানের সভাপতিত্বে সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাময়াতের কেন্দ্রীয় পরিষদের সদস্য মোবারক হোসাইন ও কেন্দ্রীয় নেতৃবৃন্দ।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার রবিউল ইসলাম, মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলার, গাংনী পৌর জামায়াতের আমীর আহসানুল হক।

কর্মী সম্মেলনে হাজার হাজার জামাত কর্মীরা অংশ নেয়।

মেহেরপুরে জামায়াতের কর্মী সম্মেলন সফল করতে প্রস্তুতি মিছিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ২২ নভেম্বর অনুষ্ঠিতব্য কর্মী সম্মেলন সফল করার লক্ষ্যে একটি বর্ণাঢ্য মিছিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) বিকেল ৪ টার দিকে শহরের জেলা মডেল মসজিদ চত্বর থেকে মিছিলটি বের হয়। শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ শামসুজ্জোহা পার্কে এসে মিছিলটি শেষ হয়।

মিছিলের নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন।

এসময় মিছিলে মেহেরপুর সদর উপজেলা আমীর মাওঃ সোহেল রানা, সাধারণ সম্পাদক মোঃ জাব্বারুল ইসলাম মাস্টার, জেলা রাজনৈতিক সেক্রেটারি মাওঃ কাজী রুহুল আমিন, পৌর আমীর সোহেল রানা ডলারসহ বিভিন্ন স্থান থেকে আগত জামায়াতের সদস্যরা উপস্থিত ছিলেন।

মিছিল শেষে সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা কর্মী সম্মেলনের গুরুত্ব তুলে ধরে বলেন, “এই সম্মেলনের মাধ্যমে দলীয় কার্যক্রমকে আরও শক্তিশালী করা হবে এবং কর্মীদের উদ্দীপনা বৃদ্ধি পাবে।

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত শুরু

কোটচাঁদপুরে জামায়াত নেতা এনামুল হক হত্যা ঘটনার তদন্ত শুরু করেছেন (সিআইডি)। আজ বৃহস্পতিবার (২১ নভেম্বর) ওই ঘটনার তদন্তে আসেন (সিআইডি) ঝিনাইদহ।

জানা যায়, ২০১৪ সালের ১ জানুয়ারি জামায়াত নেতা এনামুল হককে উপজেলা পরিষদ থেকে সাদা পোশাক ধারীরা তুলে নিয়ে যায়। ওইদিন এনামুল হক জামায়াত-সমর্থক চেয়ারম্যান প্রার্থী তাজুল ইসলামের পক্ষে মনোনয়নপত্র সংগ্রহ করতে গিয়ে অপহৃত হন। এরপর ২৬ জানুয়ারি কোটচাঁদপুর পৌর শহরের নাওদাগা গ্রামে তার গুলিবিদ্ধ লাশ পাওয়া যায়। দীর্ঘ ১০ বছর পর এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান বাদী হয়ে গেল ০১/০১/২৪ তারিখে ঝিনাইদহের আমলী আদালতে ১৯ জনকে আসামী করে মামলা দায়ের করেন। আদালত মামলাটি গ্রহণ করে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজ কে এজাহার হিসেবে রেকর্ড করার নির্দেশ দেন।

ওই মামলায় আসামি করা হয় ঝিনাইদহ ৩ আসনের সাবেক সাংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খান চঞ্চল, নবী নেওয়াজ, জেলা পুলিশ সুপার ,আলতাফ হোসেন (৫৬),জাহিদুল ইসলাম (৪৫), এস আই মিজানুর রহমান (৪৮), এস আই সৈয়দ আলী (৪৬), সমির কুমার (৪০), শফিকুল আজম খান চঞ্চল (৫৮), মিজানুর রহমান খান (৫৫), মতিয়ার রহমান (৪৫), কওছার

আলী (৫০) আঃ মতিন (৬০), নজরুল ইসলাম নজু (৪৮), আঃ হান্নান (৫০), শরিফুন্নেছা মিকি, শেখ সোহেল আরমান (৪০), নবি নেওয়াজ (৬০), শফিকুর রহমান (৪৮), শাহাজান আলী (৬০), তাজুল ইসলাম (৬৩) , এনামুল (৪২)।

এনামুল হক ছিলেন কোটচাঁদপুর উপজেলার চাঁদপাড়া গ্রামে আব্দুল মালেকের ছেলে। আজ বৃহস্পতিবার মামলাটি তদন্তে আসেন ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগ (সিআইডি) ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল ও মামলার তদন্ত কর্মকর্তা সিআইডি ইন্সেপেক্টর আব্দুর রহিম। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্য ছিলেন রাকিবুল ইসলাম ও মিজানুর রহমান।

এ ব্যাপারে ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল বলেন, ওই ঘটনায় এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান গেল ০১/০১/২৪ তারিখে মামলা দায়ের করেন। এরপর মামলাটি এজাহার হিসেবে নিতে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজকে নির্দেশ দেন আদালত।

তিনি বলেন ওই মামলাটি থানায় এজাহার হওয়ার পর তা গেল ১৬/১০/২৪ তারিখে আদেশ পান তদন্তের। তাঁর ধারাবাহিকতায় তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর মামলা সম্পর্কে আরো বিস্তারিত বলা সম্ভব হবে বলেন ওই কর্মকর্তা।